

## মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

সভাপতি : ৪নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা  
জনাব মোঃ শাকিল রাকী কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন, নুতনপাড়া ০৪নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।

সভার তারিখ : বিকাল ৩.০০ ঘটিকা ১০/১২/২০১৯ খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

### আলোচ্যসূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- ২। মেরামত এবং সড়ক বাতি সচল রাখা প্রসঙ্গে।
- ৩। UGHP-III প্রকল্পের আওতায় বস্তির কাজ করন প্রসঙ্গে।
- ৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	সড়ক বাতি সচল রাখা বিষয়ে সচেতনতামূলক আলোচনা।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। এ ব্যাপারে পৌরসভা আপনাকে সহযোগিতা করবে। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য মোঃ আবু হানিফ বলেন ৪নং ওয়ার্ডে নতুন পাড়া রাস্তায় কিছু বাল্ব জ্বলেনা উহা দ্রুত লাগানোর জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব
০৩	UGHP-III প্রকল্পের আওতায় বস্তির	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সভাপতি। তিনি সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। ওয়ার্ডের উন্নয়নমূলক কাজ সম্পর্কে মুক্ত আলোচনায় জনাব মোঃ আমানুল বলেন	UGHP-III প্রকল্পের আওতায় আনার জন্য কাজগুলি সমাধানের	মেয়র

	কাজ করন সম্পর্কে আলোচনা।	৪নং ওয়ার্ডের কাথুলী রোডের ড্রেনের কাজ শেষ হওয়ায় ধন্যবাদ জানান। সদস্য জনাব মোছাঃ কহিনুর বলেন যে, বড় বাজার হতে কাথুলী রোড পৌর সীমানা পর্যন্ত রাস্তা UGIP-III প্রকল্পের আওতায় কাজ দ্রুত করার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানান।	সুপারিশ করা হয়।	
০৬	বিবিধ	আলোচনায় সচিব মেহেরপুর পৌরসভা বলেন যে, মেহেরপুর পৌরসভাকে বাল্য বিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে। সে প্রেক্ষিতে প্রত্যেক এলাকায় বাল্য বিবাহ যাতে না ঘটে সে ব্যাপারে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Rakib*

(মোঃ শাকিল রাকী)  
সভাপতি(WC)

ও

৪নং ওয়ার্ড কাউন্সিলর  
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়  
মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ১০/১২/২০১৯, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা  
সভার স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

৪নং ওয়ার্ড কমিটির উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	শিউলী
২	জনাব মোছাঃ আরবিয়া খাতুন	সেখপাড়া, মেহেরপুর	
৩	জনাব মোছাঃ ফারাহ্ দিবা রাকী	সেখপাড়া, মেহেরপুর	ফারাহ্ দিবা রাকী
৪	জনাব মোঃ তাহাজোত সেখ	সেখপাড়া, মেহেরপুর	তাহাজোত
৫	জনাব মোঃ আমানুল	সেখপাড়া, মেহেরপুর	মোঃ আমানুল
৬	জনাব মোঃ মোশারফ হোসেন	নতুনপাড়া, মেহেরপুর	মোঃ মোশারফ হোসেন
৭	জনাব মোঃ আবু হানিফ	নতুনপাড়া, মেহেরপুর	আবু হানিফ
৮	জনাব মোছাঃ কোহিনুর	সেখপাড়া, মেহেরপুর	কোহিনুর
৯	জনাব মোঃ মাজেদুল হক	উপ-সহকারী প্রকৌশলী	মাজেদুল হক
১০	জনাব,মোঃ শাকিল রাকী	কাউন্সিলর ও সভাপতি	শাকিল রাকী